ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর
গাজীপুর-১৭০৭

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.০৮৩.২০২৩. ২৫৫৮ — তারিখ : ২৬/০৫/২০২৩ খ্রিঃ।

# পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ১ম সেমিস্টারে নিম্নবর্ণিত প্রোগ্রামে পূর্ণকালীন/খন্ডকালীন শিক্ষার্থী ভর্তির জন্য নিম্নবর্ণিত শর্তপূরণ সাপেক্ষে আগ্রহী প্রার্থীদের নিকট হইতে আগামী ২৮/০৫/২০২৩ খ্রিঃ তারিখ রবিবার হইতে নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহবান করা যাইতেছে।

| ক্রমিক নং | বিভাগ/ইনস্টিটিউট | প্রোগ্রাম |
|---|---|---|
| ১। | সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং, পিএইচ ডি |
| ২। | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং, পিএইচ ডি |
| ৩। | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং, পিএইচ ডি |
| ৪। | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং, পিএইচ ডি |
| ৫। | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগ | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং, পিএইচ ডি |
| ৬। | রসায়ন বিভাগ | এমএসসি, এম ফিল, পিএইচ ডি |
| ৭। | গণিত বিভাগ | এমএসসি, এম ফিল, পিএইচ ডি |
| ৮। | পদার্থবিজ্ঞান বিভাগ | এমএসসি, এম ফিল, পিএইচ ডি |
| ৯। | ইনস্টিটিউট অব ওয়াটার এন্ড এনভায়রনমেন্ট | পিজিডি, এমএসসি ইন ওয়াটার এন্ড এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট, মাস্টার্স ইন ওয়াটার এন্ড এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট |
| ১০। | ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি | পিজিডি, এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং |
| ১১। | ইনস্টিটিউট অব এনার্জি ইঞ্জিনিয়ারিং | পিজিডি, এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং |

শর্তাবলী:-

১। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য প্রসপেক্টাসে পাওয়া যাইবে। প্রসপেক্টাস, ভর্তির যোগ্যতা যাচাই এর আবেদন ফরম এবং ভর্তির আবেদন ফরম (অন্যান্য সংশ্লিষ্ট ফরম) বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.duet.ac.bd** -এ পাওয়া যাইবে।

২। Online Payment সংক্রান্ত তথ্যাবলী **pga.duetbd.org** পাওয়া যাইবে। Online Payment এর ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হইলে E-mail: pg.admission@duet.ac.bd-এর মাধ্যমে যোগাযোগ করা যাইবে।

৩। পূর্ণকালীন শিক্ষার্থীদের মধ্যে মেধার ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুযায়ী ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিস্টেন্টশীপ প্রদান করা যাইতে পারে।

৪। দেশের সকল প্রাইভেট বিশ্ববিদ্যালয় এবং বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হইতে ডিগ্রীধারীদের সংশ্লিষ্ট বিভাগে ভর্তির নিমিত্তে আবেদন করার যোগ্যতা যাচাই এর জন্য ফি বাবদ = ৩,০০০/- (তিন হাজার মাত্র) টাকা Online এর মাধ্যমে প্রদান করার পর নির্ধারিত আবেদন ফরম **কম্পিউটার-টাইপকৃত (হস্ত লিখিত আবেদন গ্রহণযোগ্য নয়)** পূরণপূর্বক ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অফিসে জমা প্রদান করিতে হইবে। আবেদন ফরমের সাথে সকল পরীক্ষার সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট/মার্কসীট এর সত্যায়িত ফটোকপি এবং সিলেবাস/কারিকুলাম এর মূল কপি অথবা ফটোকপি ও সিলেবাস/কারিকুলামের ওয়েব সাইট লিংক জমা প্রদান করিতে হইবে। শুধুমাত্র যোগ্য প্রার্থীরা নির্ধারিত তারিখের মধ্যে যথাযথ নিয়মে ভর্তির আবেদন করিতে পারিবে।

৫। ভর্তির নিমিত্তে আবেদন করার জন্য ফি বাবদ = ১,৫০০/- (এক হাজার পাঁচশত মাত্র) টাকা Online এর মাধ্যমে প্রদান করার পর নির্ধারিত ভর্তির আবেদন ফরম **কম্পিউটার-টাইপকৃত (হস্ত লিখিত আবেদন গ্রহণযোগ্য নয়)** পূরণপূর্বক Legal size অফসেট কাগজে প্রিন্ট করিয়া **খামের উপর ভর্তিচ্ছুক প্রোগ্রামের নাম** উল্লেখপূর্বক সরাসরি বা ডাকযোগে অত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর জমা প্রদান করা যাইবে। আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবিসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট/মার্কশীট ও চারিত্রিক সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।

৬। চাকরিরত প্রার্থী নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে অনুমতিসহ খন্ডকালীন/পূর্ণকালীন শিক্ষার্থী হিসেবে ভর্তির জন্য আবেদন করিতে পারিবে এবং আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদিত ডেপুটেশন/ছুটির আদেশ/NOC জমা প্রদান করিতে হইবে।

৭। ভর্তির যোগ্যতা যাচাই এর আবেদন ফরম এবং ভর্তির আবেদন ফরমসহ সকল ডকুমেন্টের পিডিএফ/স্ক্যান কপি E-mail: pg.admission@duet.ac.bd-এ প্রেরণ করিতে হইবে।

৮। ভর্তি সংক্রান্ত সময়সূচী:-

| | | |
|---|---|---|
| ক. | ভর্তির নিমিত্তে আবেদন করার যোগ্যতা যাচাই এর আবেদনপত্র জমাদানের শুরু ও শেষ তারিখ | ২৮/০৫/২০২৩ খ্রিঃ হইতে ১৫/০৬/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন) |
| খ. | ভর্তির নিমিত্তে আবেদন করার যোগ্যতা যাচাই এর ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের তারিখ | ১৩/০৭/২০২৩ খ্রিঃ তারিখ |
| গ. | ভর্তির আবেদন ফরম জমাদানের শুরু ও শেষ তারিখ | ২৮/০৫/২০২৩ খ্রিঃ হইতে ২০/০৭/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন) |
| ঘ. | প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ | ২৫/০৭/২০২৩ খ্রিঃ তারিখ |
| ঙ. | ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ | ৩০/০৭/২০২৩ খ্রিঃ হইতে ০১/০৮/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত |
| চ. | ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের সম্ভাব্য তারিখ | ০৩/০৮/২০২৩ খ্রিঃ তারিখ |
| ছ. | ভর্তির সম্ভাব্য তারিখ | ০৬/০৮/২০২৩ খ্রিঃ হইতে ০৮/০৮/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত |
| জ. | কোর্স রেজিস্ট্রেশনের সম্ভাব্য তারিখ | ১৩/০৮/২০২৩ খ্রিঃ হইতে ১৯/০৮/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত |
| ঝ. | ক্লাশ শুরুর সম্ভাব্য তারিখ | ২০/০৮/২০২৩ খ্রিঃ তারিখ |

৯। ভর্তির নিমিত্তে চূড়ান্তভাবে মনোনয়নের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট-এ মৌখিক/লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। এই সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট হইতে সংগ্রহ করিতে হইবে।

১০। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলিয়া গণ্য হইবে।

23.05.23
(অধ্যাপক ড. হিমাংশু ভৌমিক)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)
তারিখ : ২৬/০৫/২০২৩ খ্রিঃ।

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.০৮৩.২০২৩. ২৫৫৮
সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি :-
(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩। সকল-ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক/অফিস প্রধান/শাখা প্রধান;
৪। রেজিস্ট্রার ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... বিশ্ববিদ্যালয় (সকল);
৫। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল);
৬। চেয়ারম্যান, আইসিটি সেল;
৭। নোটিশ বোর্ড (সকল);
৮। সংরক্ষণ নথি।

২৬/০৫/২০২৩
(আবদুল্লাহ আল মাহমুদ)
ডেপুটি রেজিস্ট্রার (সংস্থাপন শাখা) এবং
অতিরিক্ত দায়িত্ব, একাডেমিক শাখা।